মেহেরপুরে বাসের চাকায় পিষ্ট হয়ে প্রথম শ্রেণির শিক্ষার্থীর মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামে গোল্ডেন পরিবহনের বাসের চাকায় পিষ্ট হয়ে ফাহিম নামে প্রথম শ্রেণির এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। সোমবার (১২ অক্টোবর) দুপুর ১২টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ফাহিম রাজনগর গ্রামের বেলে পাড়ার ইসহাক আলীর ছেলে। সে রাজনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণির শিক্ষার্থী ছিল।

স্থানীয় সূত্রে জানা গেছে, স্কুল ছুটির পর বাড়ি ফেরার পথে গোল্ডেন পরিবহনের একটি বাসের চাকায় পিষ্ট হয় ফাহিম। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। ঘাতক বাস ও চালককে আটকের চেষ্টা চলছে।

উল্লেখ্য, ২০২৫ সালের ৯ নভেম্বর মেহেরপুর সদর রাজনগর মুশুরিবাজার বিলে পদ্মফুল তুলতে গিয়ে পানিতে ডুবে চার শিশুর মৃত্যু হয়েছিল। তাদের মধ্যে দুজন ছিল ফাহিমের বোন। দুই মেয়েকে হারানোর পর সেই শোক বুকে নিয়ে দিন কাটাচ্ছিলেন বাবা-মা। এবার সড়ক দুর্ঘটনায় ছেলেকেও হারিয়ে সন্তানহারা হলেন তাঁরা।

একই পরিবারের তিন সন্তানের এমন করুণ পরিণতি স্থানীয়দের মধ্যে শোকের আবহ তৈরি করেছে। দুই মেয়ের মৃত্যুর ক্ষত কাটিয়ে ওঠার আগেই একমাত্র ছেলেকে হারানোর ঘটনায় পরিবারটির জীবনে নেমে এসেছে অপূরণীয় শূন্যতা।

কোটচাঁদপুরে বাসের চাকায় পিষ্ট হয়ে মোটরসাইকেল আরোহী নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যাত্রীবাহী বাসের চাকায় পিষ্ট হয়ে আরিফ শেখ (৪৮) নামে এক মোটরসাইকেল আরোহীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

বুধবার (৫ আগস্ট) দুপুর ২টার দিকে কোটচাঁদপুর-কালীগঞ্জ সড়কের নওদাগা বাসস্ট্যান্ড এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত আরিফ শেখ কালীগঞ্জ উপজেলার বালিয়াডাঙ্গা গ্রামের সবদুল শেখের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, আরিফ শেখ মোটরসাইকেলযোগে কোটচাঁদপুর থেকে নিজ বাড়িতে ফিরছিলেন। পথিমধ্যে নওদাগা বাসস্ট্যান্ড এলাকায় পৌঁছালে কালীগঞ্জ থেকে ছেড়ে আসা শাপলা পরিবহনের ‘সাগরিকা’ নামের একটি যাত্রীবাহী বাস তার মোটরসাইকেলকে সজোরে ধাক্কা দেয়। এতে তিনি সড়কের ওপর ছিটকে পড়ে বাসের চাকায় পিষ্ট হন এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

দুর্ঘটনার পর ঘাতক বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে থাকা একটি ভ্যানকে ধাক্কা দিয়ে দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। এতে ভ্যানটি দুমড়ে-মুচড়ে যায়।

ভ্যানচালক গোলাপ মণ্ডল জানান, তিনি রাস্তার পাশে নিজের ভ্যানের ওপর বসে ছিলেন। হঠাৎ বিকট শব্দ শুনে কিছু বুঝে ওঠার আগেই বাসটি তার ভ্যানকে ধাক্কা দিয়ে চলে যায়। এ সময় তিনি সড়কে ছিটকে পড়ে আহত হন।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আনসারুল্লাহ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, নিহতের পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।